

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*

স-৩৫৩৭(আগরতলা, ১২।০১)  
কৈলাসহর, ১২ জানুয়ারী, ২০১৮

কৈলাসহরে স্বামী বিবেকানন্দের  
জন্ম-জয়ন্তী পালিত

উনকোটি জেলা সদরে আজ স্বামী বিবেকানন্দের জন্ম-জয়ন্তী উদযাপিত হয়। সকাল ৮টায় পূর্ব-গোবিন্দপুরে স্বামীজীর মর্মর মূর্তিতে মাল্যদান করা হয়। মাল্যদান করেন রামকৃষ্ণ মিশন আশ্রমের অধ্যক্ষ স্বামী ত্যাগী বরানন্দ মহারাজজী। এ উপলক্ষে দুপুর ১২টায় রামকৃষ্ণ মিশন আশ্রম থেকে ট্যাবলু সহ ছাত্র-ছাত্রীদের এক বর্ণাঢ্য র্যালী শহরের প্রধান প্রধান রাস্তা পরিক্রমা করে উনকোটি কলাক্ষেত্রে এসে শেষ হয়। সেখানেও স্বামীজীর প্রতিকৃতিতে মাল্যদান করা হয়। স্বামী ত্যাগী বরানন্দ মহারাজজী বলেন, স্বামীজী নারী শিক্ষায় গুরুত্ব দিয়েছেন। সবার আগে প্রয়োজন সৎ হওয়া ও চরিত্র গঠন করা। লোভ ও ভয়কে জয় করাই চরিত্র গঠনের মূল কথা। স্বামীজী আজীবন লড়াই করতে শিখিয়ে গেছেন। বিবেকানন্দ মানেই জাগরণ ও স্বদেশ-প্রেম। ছাত্র-ছাত্রী ও যুব সম্প্রদায়কে আত্মবিশ্বাসে বলিয়ান হতে হবে। ত্যাগ ও সেবাই মানব জীবনের মূল ধর্ম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা শিক্ষা কার্যালয়ের আধিকারিক সুবোধ দেববর্মা। সভাপতিত্ব করেন কৈলাসহর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মনীষ সাহা।

\*\*\*\*